1990 D. R. Alipur Sale Book I Deed No 16349

10 RS:




No - 16349

Stamp M - 750/-
750/-
100/-
100/-
100/-
1800/-

In five sheets 2

24006

... under Article ...
(1) (ii) ...
(2) ... 630
(a) ... 450
(b) ... 500
Stamp ...
F. Fees in C.F. ...
No. of C. Paper ... 1580

Record Keeper
... Sadar Regn. Office
South 24-Parganas

1500/-

300/-

1800/-

A 154/-
N 28/-
M 4/-
186/-

... 30th Nov 90
Prasanta Kr Ganguly
... 24-Parganas by
Executant Claiment or one of the Executants / Claiments
...
Execu... Claiment under ...
Power ...

Sd B. Ghosh
30.11.90

Sd. B. Ghosh
30.11.90

84984 26 DEC 1990

No.
Date
Sold To
Address
Rupees
High Court Advocate (Alipore)
Associate Side

A.D. ... Application 24006
Date 31/12/90
Received from N. Bhowmick
... of copy of
... 400
Register in Book No
Volume No Pages 630
... year 450
of the ... of the
... or under article 500
... 1000
Charges for preparing Map 15
... 10
Stamp Paper (Value) 3005
Cartridge paper ... sheet

A.D.
Addl. District Sub-Registrar
Alipore ...

16/1/91

... District Sub-Registrar ... Alipore ...

Deed No. 16349
D.K. [illegible]
9. 30/11/90

Execution admitted
Prabhakar Ganguly
son Keshab Chandra
Ganguly
of D 23/12 Baishakhi
Abasan A.G. Block
Sector 2, Salt City
Cal. 91 Hindu
Service

TI no. 21850
প্রভাকর গাঙ্গুলী

Identified
Jayanta
Kumar
Gangopadhyay
S/o Sri
Bibhuti
Bhusan
Gangopadhyay
of 39/5 Panchanan
Tala
Rd Cal
700 41
Service

মঃ১৫,০০০.০০টাকা পণ মুল্যের সাফ বিক্রয় কোবালা দলিল :-

******************************************

| বিক্রয় কোবালা গ্রহিতা :- | | বিক্রয় কোবালা দাতা :- |
|---|---|---|
| ***************** | | ******************* |
| শ্রী সন্তোষ কুমার মুখার্জী , | | শ্রী প্রভাকর গাঙ্গুলী , |
| পিতা মৃত পঞ্চানন মুখার্জী , | | পিতা মৃত কেশব চন্দ্র গাঙ্গুলী, |
| জাতি- হিন্দু, পেশা- চাকুরী, | | জাতি- হিন্দু, পেশা- চাকুরী , |
| সাং- ৩৯।৫, পঞ্চাননতলা রোড , | । | সাং- ডি ২৩।১২ বৈশাখী আবাসন , |
| থানা-ঠাকুরপুকুর, কলিকাতা- ৪১ ॥ | । | এ.জি ব্লক, সেক্টর ২, সল্টলেক সিটি |
| | । | কলিকাতা- ৯১ ॥ |
| ********************* | X | ************************* |

কস্য হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের ২ কাঠা ৮ ছটাক

Scanned by TapScanner

৩৮.৩ - দুপুর গাঙ্গুলী
সিএ শ্রী [illegible]
— [illegible] 3/115,
Panchanan Ashe Rd Cal-41
[illegible]

S-1 B [illegible]
30.11.90

[illegible]

॥ ২ ॥

পরিমিত বাস্তু জমি মায় তদুপরিস্থিত টালির ছাউনী যুক্ত একখানি কাঁচা ঘর মায় গাছপাট বৃক্ষাদি সহ সংলগ্ন ৬' ফুট প্রস্থ কমন প্যাসেজাদির সর্ব্ববিধ ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় দরবস্ত হক হকুক বিক্রয়ের সাফ কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা- বেহালা হাল ঠাকুরপুকুর, সাবরেজিষ্ট্রী অফিস বেহালা, সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটীর এলাকাধীন বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এস, এস, ইউনিটের অন্তর্ভুক্ত ও ১২২ নং ওয়ার্ডস্থিত পরগণা- খাসপুর, অত্র জেলা কালেক্টারির ৪৯ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ৩৫ , জেঃ এলঃ নং ২৫ , মৌজা- হরিদেবপুর গ্রামের ৫৭ নং খতিয়ান ভুক্ত ৬৩৪ নং দাগের .৮৫ শতক জমি মায় আরও জমি জমা সম্পত্তি পূর্ব্বে হরিদেবপুর নিবাসী সাহাবুদ্দিন মন্ডলের ১ ষোল আনা রকমাংশের খাস দখলীয় সম্পত্তি থাকে । উক্ত সাহাবুদ্দিন

মণ্ডল তাহার খাস দখলীয় উক্ত জমি জমা সম্পত্তির কোন বিলি বন্দোবস্ত বা উইলাদি না করিয়া তাহার ২ পুত্র সামসুদ্দিন মণ্ডল, মফিজুদ্দিন মণ্ডল এবং স্ত্রী সহরজান বেওয়া এবং ২ কন্যা সাহেবা বানু ও নায়লা খাতুনকে ওয়ারিশ উত্তরাধিকারী রাখিয়া পরলোক গমন করিলে পর উহারা মাতা পুত্র কন্যা ৫ জনে সাহাবুদ্দিন মণ্ডলের ওয়ারিশ স্ত্রী পুত্র ও কন্যা রূপে উক্ত ৬৩৪ দাগের জমি জমা সম্পত্তি সহ যাবতীয় ত্যক্ত সম্পত্তি মহমুদীয় সরামতে প্রাপ্ত হইয়া নিজ নিজ অংশ মোতাবেক সম্পত্তি এজমালে ভোগদখল করেন ।

অতঃপর মৃত সাহাবুদ্দিন মণ্ডলের ওয়ারিশ স্ত্রী পুত্র কন্যাগণ তাহাদের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত ৬৩৪ দাগের উক্ত জমি সহ অপরাপর দাগের এজমালি ভোগ দখলীয় সম্পত্তি বিগত ইং ১১।৭।১৯৭৫ তারিখে সম্পাদিত ও আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত একখণ্ড আপোষ বন্টন নামা বা পাটিশন দলিল মূলে চিহ্নিত বিভাগ বন্টন করিয়া পৃথক পৃথক ভাবে নিজ নিজ প্রাপ্তসম্পত্তিতে ভোগদখল করিতে থাকেন । উক্ত পার্টিশন

দলিল খানি বিগত ইং ১৯৭৫ সালে আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১০৪ নং ভল্যুমের ২১৭ হইতে ২২৬ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ৩৬৪২ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। উল্লিখিত পার্টিশন দলিল সহীয় বাটোয়ারা নক্সায় '' এ '' মার্কা প্লটে চিহ্নিত সম্পত্তি সামসুদ্দিন মণ্ডলের ছাহামে নির্দ্দিষ্ট ও নির্ণীত হয়। অতঃপর উক্ত সামসুদ্দিন মণ্ডল তাহার পার্টিশন সূত্রে প্রাপ্ত ' এ ' মার্কা প্লটে চিহ্নিত ৬০৪ দাগের জমির মধ্যে একবন্দে পৃথক চৌহদ্দি করিয়া ৬ কাঠা জমি বিক্রয় করিবার কথা ঘোষনা করিলে অত্র কোবালা দাতার বায়া শ্রীমতী রানী চক্রবর্ত্তী মহাশয়া হুগলী জেলার ভদ্রকালী এলাকায় ৪৫ নং শান্তিনগর রোডে বসবাস করাকালিণ উক্ত ৬ কাঠা জমি বিগত ইং ৮।২।১৯৭৫ তারিখে সম্পাদিত ও আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১০৫ নং ভল্যুমের ২৪২ হইতে ২৪৭ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৭৫ সালের ৫২৪৭ নং একক্তো সাফ কোবালা দলিল মূলে তাহার নিজার্থে ও স্বার্থে খরিদ করিয়া মালিক সরকারে ও অপরাপর স্থানে তাহার নাম পত্তন করাইয়া রাজস্ব

খাজনাদি আদায়ে উক্ত ৬ কাঠা জমির পার্শ্ববর্তী ৬' ফুট প্রস্থ কমন প্যাসেজ দিয়া অবাধে যাতায়াত করিয়া নিরূঢ় স্বত্ব দখল পরিচালনে উক্ত জমির কিয়দংশে পাকা ও কাঁচা ঘর নির্মান করিয়া বসবাস পূর্বক অন্যের নিরাংশে ও নিরুপদ্রপে ভোগ দখলকারিনী নিযুক্ত থাকাবস্থায় উক্ত শ্রীমতী রানী চক্রবর্ত্তীর নানাবিধ সঙ্গত কারনে নগদ টাকার বিশেষ প্রয়োজনে তাহার খাস দখলীয় পূর্বোক্ত ৬ কাঠা বাস্ত জমি মায় বাটী মধ্যে মাপ সুরত চিহ্নিত করিয়া নিম্ন তপশীল বর্ণিত ২ কাঠা ৮ ছটাক বাস্ত জমি মায় গৃহাদি সম্পূর্ন নিদ্দায় নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষনা করিলে আমি অত্র কোবালা দাতা তাহা লোক পরম্পরায় জানিতে পারিয়া নিম্ন তপশীল চৌহদ্দিস্থিত উক্ত ২ কাঠা ৮ ছটাক বাস্ত জমি মায় গৃহাদি বিগত ইংরাজী ২৪।৫।১৯৮৫ তারিখে সম্পাদিত ও আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৭৪ নং ভল্যুমের ৫৮ হইতে ৬৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৮৫ সালের ৪৩১৬ নং একক্তো সাফ কোবালা দলিল মূলে আমি নিজ অর্থে ও স্বার্থে খরিদ করিয়া খরিদা উক্ত সম্পত্তির খাস দখল গ্রহন করতঃ

উত্তর পার্শ্বের ৬' ফুট প্রশস্ত কমন প্যাসেজ দিয়া যাতায়াত করিয়া উক্ত ২ কাঠা ৮ ছটাক জমি সহ গৃহাদিতে ১ আনার মালিক রূপে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজ নাম খারিজ করাইয়া কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১৫৫এ মহাত্মা গান্ধী রোড প্রেমিসেস ভুক্ত উক্ত বা নিম্ন তপশীল চৌহদ্দিস্থিত ২ দুই কাঠা ৮ আট ছটাক বাস্তু জমি সহ গৃহাদিতে নিব্যূঢ় স্বত্বের মালিক রূপে অন্যের নিরাপদে ও নির্ব্বিবাদে এযাবৎকাল ভোগদখল করিয়া আসিতেছি ।

এক্ষনে আমার বর্তমান বাসস্থান হইতে উক্ত সম্পত্তি দেখাশুনা রক্ষনাবেক্ষনের অসুবিধা বিধায় এবং নিজ সংসার কারনে নগদ টাকার বিশেষ প্রয়োজনে আমার খরিদা খাস দখলীয় হরিদেবপুর মৌজার ৫৭ নং খতিয়ান ভুক্ত ৬০৪ নং দাগের নিম্ন তপশীল বর্ণিত উক্ত ২ কাঠা ৮ ছটাক বাস্তু জমি সহ তদুপরিস্থিত টালির ছাউনী যুক্ত একখানি কাঁচা ঘর সাজপাট বৃক্ষাদি সহ তৎসংক্রান্ত যাবতীয় ব্যবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি সম্পূর্ন নিদ্দাঁয় ও নির্দ্দোষ অবস্থায় বর্তমান বাজারোচিৎ মূল্য বেলমোক্তা ১৫,০০০.০০ পনের হাজার টাকা পনে বিক্রয় করিবার অভিপ্রায় ঘোষনা করিলে, উপস্থিত গ্রাহক মধ্যে অত্র দলিল গ্রহিতা আপনিই উক্ত পন মূল্য প্রদানে ২ কাঠা ৮ ছটাক জমি সহ গৃহাদি ক্রয় করিবার জন্য গ্রাহক রূপে ক্রয় করিবার প্রস্তাব করায় আমি স্বতঃ প্রবৃত্ত হয়ে আপনার প্রস্তাব গ্রহন করতঃ আপনাকে উক্ত সম্পত্তির গ্রাহক নির্ব্বাচিত করায় আপনি ধার্য্যকৃত মূল্যের উক্ত ১৫০০০.০০ (পনের হাজার ) টাকা নিম্ন লিখিত ভায় মোতাবেক আমাকে নগদ প্রদান করায় তাহা আমি বুঝিয়া পাইয়া সমস্ত টাকার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল খানি আপনার নাম বরাবরে যথারিতী সহি সম্পাদন করিয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত এবং সঙ্গীয় নকসায় লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত উক্ত ২ কাঠা ৮ ছটাক বাস্তু জমি সহ উক্ত জমির কিয়দংশে অবস্থিত টালির ছাউনীর কাঁচা ঘর সাজপাট বৃক্ষাদি সমেত অদ্য আপনার নিকট সাফ বিক্রয় করিলাম এবং অত্র বিক্রীত সম্পত্তি সম্পূর্ন নিদ্দাঁয় অবস্থায় আপনার খাস দখলে দিয়া বিক্রীত সম্পত্তি হইতে আমি পুত্র পৌত্রাদি

Scanned by TapScanner

ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে সম্পূর্ণ নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। অত্র বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যেকিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার দাবী দাওয়া লভ্য অংশ ছিল ও আছে তৎসমস্ত সম্পূর্ন রূপে ধ্বংস ও বিলুপ্ত হইয়া সর্ব্বতোভাবে আপনার প্রতি বর্তাইল ও অর্পিল। এবং আপনি যোল আনার মালিক হইলেন। আপনি অত্র কোবালা প্রতিজ্ঞা অদ্যকার তারিখ হইতে অত্র বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান দখলে দখলীকার হইয়া মালিক সরকারে এবং কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে আপনি আপনার নিজ নাম পত্তন ক্রমে দালান কোঠা নির্মান করিয়া জমির উত্তর পার্শ্বের ৬' ফুট প্রস্থ কমন প্যাসেজ দিয়া অবাধে যাতায়াত করিয়া আইনানুমোদিত ইলেকট্রিক লাইন, ট্যাপ ওয়াটার, টেলিফোন ইত্যাদি আনয়ণ করতঃ এবং জল নিকাশের পয়ঃপ্রনালী নির্মানে জমি ও বাটীর ব্যবহার্য্য জল, রেইন ওয়াটার ইত্যাদি নিকাশ করিয়া অন্যের নিরাপদে ও নির্ব্বিবাদে নিব্যূঢ় স্বত্বের মালিক রূপে দান, বিক্রয়াদির দ্বারা যাবতীয় হস্তান্তর রূপান্তর অবস্থান্তর করণের যদৃচ্ছা ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল ও ব্যবহার করিতে থাকুন। তাহাতে আমি কিম্বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ কেহ কস্মিন কালেও কোন দাবী দাওয়া ওজরাপত্তি করিবনা ও করিতে পারিবেনা। করিলেও তাহা অত্র দলিল বনিয়াদে সর্ব্বস্থানে সর্ব্ব প্রকার অফিস আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

এতদ্বারা স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে, তপশীল বর্ণিত সম্পত্তির আমিই একমাত্র মালিক ও হকদার হইতেছি। উহাতে আমার শরিক শরাপত ‍দাবীদার নাই বা আমি কাহারও বেনামদার নহি এবং উহা আমি মায় পূর্ব্বাধিকারীগণ কস্মিন কালে দান, বিক্রয় কটক আদী কোন প্রকারে হস্তান্তর করি নাই বা করা নাই বা প্রজাবিলি নাই। উহা কাহারও জামানতে আবদ্ধ নাই বা দেনার দায়ে আবদ্ধ নাই বা খোর পোষের চার্জ্জ যুক্ত নহে বা আদালতের ক্রোকাবদ্ধ নহে বা মোকদ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে বা উহা সরকার বাহাদুর বা কোন বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। উহা কোন দেবোত্তর পীরোত্তর ওয়াকফ ট্রাস্ট ভুক্ত সম্পত্তি নহে। সম্পূর্ন নিদায় ও নির্দ্দোষ অবস্থায় আমার ---

Scanned by TapScanner

সম্পত্তি অদ্য আপনার নিকট সাফ বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তির স্বত্ব দখল আপনার অনুকূলে পরিত্যাগ করিলাম। এবং আমার খরিদা সম্পত্তির মূল দলিল সহ কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মিউটেশন অর্ডার খানি আপনাকে দলিলার্থে প্রদান করিলাম।

প্রকাশ থাকে যে, আমার উপরোক্ত উক্তি সমূহের ও বয়ানের কোনও একটি মিথ্যা কিম্বা অশুদ্ধতা প্রকাশ পাইয়া বা আমার স্বত্বের দোষ ত্রুটিতে বা দখলের ন্যূনতা হীনতা প্রকাশে বা আপনার কোন কৃত কোন কার্য্যের জন্য যদি আপনার দখলে বিঘ্ন হয় বা স্বার্থের ব্যাঘাত হয় বা আপনি কাহারও দ্বারা খরচাপ্ত হন তাহা হইলে তজ্জন্য আমি দায়িক হইব এবং যাবতীয় ক্ষতি পূরন সহ পণের সমুদয় টাকা আপনাকে ফেরৎ দিতে আমি সহ ওয়ারিশানগণ ক্রমে বাধ্য থাকিলাম ও থাকিবে।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের লিপিপ্রমাদে ভুল থাকা পরিলক্ষিত হইয়া অথবা আপনার খরিদা স্বত্ব সুদৃঢ় করনার্থে যদি অত্র কোবালার পোষকে আমার আরও কোন প্রকার দলিল সম্পাদন করিয়া দেওয়া প্রয়োজন মনে করেন, তাহাও আমি আপনার খরচায় কপর্দ্দকও গ্রহন না করিয়া আবশ্যকীয় দলিলাদি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিব এবং ভুল সংশোধন করিয়া দিব।

উল্লেখ থাকে যে, কালেক্টার বাহাদুর সরকারে এবং কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে আপনার নাম জারী কার্য্যে অথবা অন্য কোন ক্ষেত্রে যদি আমার স্বাক্ষর সম্মতির প্রয়োজন হয় তাহাও আমি তদনুযায়ী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে বহাল তবিয়তে অন্যের বিনানুরোধে দলিলের লিখিত বিবরণ সকল পাঠ করিয়া এবং শুদ্ধ ভাবে লিখিত হইয়াছে বুঝিতে পারিয়া পণের বেবাক টাকার প্রাপ্তি স্বীকারে স্বেচ্ছায় সজ্ঞানে অত্র দলিল খানি আপনার নাম বরাবরে সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ইংরাজী ১৯৯১ সালের ৩০শে. ০৭.১৯৯০ মোতাবেক বাংলা ১৩৯৭ সনের ১৩ই শ্রাবণ

## তপশীল বিক্রীত সম্পত্তির বিবরণ ও জমির চৌহদ্দি :-

*******************************

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা- বেহালা হাল ঠাকুরপুকুর, সাবরেজিষ্ট্রী অফিস বেহালা, সাবেক সাউথ সুবারবণ মিউনিসিপ্যালিটীর এলাকাধীন বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এস, এস, ইউনিটের মধ্যে উক্ত ও ১৫৫এ মহাত্মা গান্ধী রোড প্রেমিসেস উক্ত পরগণা- খাসপুর , অত্র জেলা কালেকটারির ৪০ নং তৌজি উক্ত রে: সা: নং ৩৫ , জে: এল: নং ২৫ , মৌজা- হরিদেবপুর গ্রামের ৫০ নং খতিয়ান উক্ত ৬৩৪ (ছয়শত চৌত্রিশ) নং দাগের জমি মধ্যে অত্র দলিলের গর্ভে বর্ণিত দলিল মূলে আমার খরিদা স্বত্ব দখলীয় ২ দুই কাঠা ৮ আট ছটাক রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের বাস্ত জমি মায় তদুপরিস্থিত টালির ছাউনী যুক্ত মুলিবাঁশের বেড়ার দ্বারা নির্মিত একখানি ঘর সাজপাট বৃক্ষাদি মায় সংলগ্ন কমন প্যাসেজের সর্ব্বপ্রকার ব্যবহারিক ও ইজমেন্ট রাইট সমেত দরবস্ত হক হকুক অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । বিক্রীত ২ কাঠা ৮ ছটাক জমি মায় গৃহাদি অত্র দলিল সহ গ্রথীত নকসায় লাল রঙের রেখার দ্বারা সীমাঙ্কিত করিয়া প্রদর্শিত ও চিহ্নিত হইল । উক্ত নক্সা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে । উক্ত খতিয়ানের মোট জমা ৭ টাকা ২ আনা ৭ পাই । বিক্রীত সম্পত্তির হারাহারি বার্ষিক খাজনা .২২ পয়সা, মালিক প: ব: রাজ্য সরকার পক্ষে অত্র জেলা কালেকটার বাহাদুর । বিক্রীত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২২ নং ওয়ার্ডস্থিত সম্পত্তি হইতেছে ।

মৌজা- হরিদেবপুর ,

| খতিয়ান নং :- | দাগ নং :- | শ্রেনী :- | জমির পরিমান :- |
|---|---|---|---|
| ৫০ | -৬৩৪ (ছয়শত চৌত্রিশ) | বাস্ত | ২ কাঠা ৮ ছটাক |

বাস্ত জমি মায় তদুপরিস্থিত কাঁচা গৃহাদি অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে । বিক্রীত সম্পত্তি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১৫৫এ, মহাত্মা গান্ধী রোড প্রেমিসেস উক্ত সম্পত্তি হইতেছে ।

Scanned by TapScanner

Seal of the Addl. ... Sub-Registrar ★ Alipore (Records) 24-Pgs.(S)

Scanned by TapScanner